



සමස්තයෙන්, සියලුම

සම්පූර්ණ කළ ප්‍රතිචාරයන් සඳහා, සම්පූර්ණයෙන්

Job Category: Teaching/Academics

Job Source: සමස්ත සම්පූර්ණ

Job Summary

Posted On: 12 Dec 2024

Application Deadline: 6 Jan 2025



সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ

(প্রতিষ্ঠাতা: গুস্তাদ আইয়ুব আলী সরকার)

ডাকঘরঃ কামারজানী, উপজেলাঃ গাইবান্ধা সদর, জেলাঃ গাইবান্ধা।

নিয়োগ বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) স্থাপন, পঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী অনুমোদিত "সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ" এর নিম্নোক্ত পদে জনবল নিয়োগ করা হবে। অনগ্রসর জনপদ ও দুর্গম চরাঞ্চলের জনগোষ্ঠীর উচ্চ মাধ্যমিক শিক্ষায় ক্রমবর্ধমান চাহিদা বিবেচনায় গুণগত মানসম্পন্ন শিক্ষক সুযোগ সম্প্রসারণে স্থানীয় উন্নয়ন সংস্থা সামাজিক উন্নয়ন পদক্ষেপের (এস.ইউ.পি) পরিচালিত "সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ" এর একাডেমিক কার্যক্রম সৃষ্টিভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন/ভাতাদি
০১	উপাধ্যক্ষ	১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী	আগোচনা সাপেক্ষে
০২	প্রভাষক (বাংলা)	২	সংশ্লিষ্ট বিষয়ে যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে	
০৩	প্রভাষক (ইংরেজি)	২	প্রথম শ্রেণি বা দ্বিতীয় বিভাগ/দ্বিতীয় শ্রেণি/	
০৪	প্রভাষক (আইসিটি)	১	সমমানের জিপিএসহ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী।	
০৫	প্রভাষক (অর্থনীতি)	১	উল্লেখ্য-শিক্ষা জীবনে কোন বিষয়ে তৃতীয়	
০৬	প্রভাষক (পৌরনীতি ও সুশাসন)	১	শ্রেণি বা বিভাগ গ্রহণযোগ্য নয়।	
০৭	প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি)	১		
০৮	প্রভাষক (যুক্তিবিদ্যা)	১		
০৯	প্রভাষক (কৃষি শিক্ষা)	১		
১০	প্রভাষক (পদার্থ বিজ্ঞান)	১		
১১	প্রভাষক (রসায়ন)	১		
১২	প্রভাষক (জীব বিজ্ঞান)	১		
১৩	প্রভাষক (গণিত)	১		
১৪	প্রভাষক (ভূগোল)	১		
১৫	প্রভাষক (শরীর চর্চা)	১		
১৬	অফিস সহকারী কাম হিসাব সহকারী	১	এইচ.এস.সি/সমমান	আগোচনা সাপেক্ষে
১৭	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর	১	এইচ.এস.সি/সমমান। সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত সনদধারী।	
১৮	অফিস সহায়ক/আয়া	২	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	
১৯	নিরাপত্তা কর্মী/মেশ প্রহরী	২	জে.এস.সি/জে.ডি.সি/সমমান	
২০	পরিচ্ছন্নতাকর্মী/মালী	১	অষ্টম শ্রেণি/জে.এস.সি/সমমান	

শর্তাবলীঃ

- অগ্রাহী প্রার্থীকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র এবং নিম্নে-বর্ণিত অনুলিপি সহ দাখিল করতে হবে। প্রার্থীর অনূর্ধ্ব ৩৫ বছর বয়সসীমা আবেদনের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা) কর্তৃক সত্যায়িত অনুলিপি; সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি সত্যায়িত; সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি; জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি; প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- আবেদনের সাথে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখা হতে অব্যক্ত (ভারপ্রাপ্ত), সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ, কামারজানী, গাইবান্ধা সদর, গাইবান্ধা এর অনুকূলে প্রভাষক পদে ১,০০০/- (এক হাজার) টাকা ও অন্যান্য কর্মচারীর পদে ৫০০/- (পাঁচশত) অফেরৎযোগ্য পে-অর্ডারঅথবা ব্যাংক ড্রাফট জমা দিতে হবে।
- আগামী ০৬/০১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অব্যক্ত (ভারপ্রাপ্ত), সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ, কামারজানী, গাইবান্ধা সদর, গাইবান্ধা বরাবরে ডাকযোগে আবেদনপত্র পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সুরাসরি বাতিল বলে গণ্য হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে প্রার্থীদের যথাসময়ে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে এবং পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০২৫-২০২৬শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের চাহিদা বিবেচনায় নিয়োগ প্রদান করা হবে।
- কোনো তথ্য গোপন করলে কিংবা উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে ব্যর্থ হলে কিংবা কোনো প্রতারণার আশ্রয় নিলে প্রার্থীতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন বাতিল কিংবা নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোঃ রফিকুল ইসলাম

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সামাজিক উন্নয়ন পদক্ষেপ কলেজ

কামারজানী, গাইবান্ধা সদর, গাইবান্ধা

ই-মেইল: sup.college2023@gmail.com

মোবাইল-০১৭০৯৭০৮৩৬